

## ■■ হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ হিজরত, মি'রাজ, ওফাত ইত্যাদি বিষয়ক জাল হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩৪. ওফাতের সময় মালাকুল মাউতের আগমন ও কথাবার্তা

প্রসিদ্ধ একটি গল্প: রাসূলুল্লাহ ﷺ এর ওফাতের সময় মালাকুল মাউতের আগমন বিষয়ক। গল্পটির সার-সংক্ষেপ হলো, রাসূলুল্লাহ ﷺ এর ওফাতের দিন মালাকুল মাউত একজন বেদুঈনের বেশে আগমন করেন এবং গৃহের মধ্যে প্রবেশের অনুমতি প্রার্থনা করেন। এক পর্যায়ে ফাতেমা (রা) অনুমতি প্রদান করেন। তিনি গৃহে প্রবেশ করে অনেক কথাবার্তা আলাপ আলোচনার পরে তাঁর পবিত্র রূহকে গ্রহণ করেন..। গল্পটি বানোয়াট। গল্পটি মূলত উপরের জাল হাদীসের অংশ। আরো অনেক গল্পকার এতে অনেক রং চড়িয়েছেন।[1]

## ফুটনোট

[1] আবূ নু'আইম, হিলইয়াতুল আউলিয়া ৪/৭৩-৭৫; ইবনুল জাওয়ী, মাউযূআত ১/২১৯; ইবনু তাইমিয়া, মাজমূউল ফাতাওয়া ১৮/৩৬৬; সুয়ৃতী, আল-লাআলী ১/২৭৭-২৮২; ইবনু আর্রাক, তান্যীহ ১/৩২৬-৩৩১, ৩৪০।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4826

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন